## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ৩০/১০/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৫/০৯/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অক্টোবর/২০২৩ মাসে উপজেলা পরিষদ কয়রা, খুলনার খুলনা ঘ ১১-০০০৭ নং জীপ গাড়ীর মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) নং অনুচ্ছেদে বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের ১২/১১/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৫. ০০৪.১৯-৮১৬ (যুক্ত) নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ০৩ (তিন) মাসের মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ী মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ০৩ (তিন) মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

<table>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>পোনা অবমুক্তকরণ কর্মসূচি-২০২৩</td><td>২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় খাস, সরকারি ও প্রাতিষ্ঠানিক জলাশয় এবং বর্ষপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে ২১টি জলাশয়ে মোট ৭৪৩ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্তকরণ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/ পুশ বিরোধী অভিযান</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>২০/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহ:<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৬৬ টি<br>(গ) আটক- ৬০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৬,৩০,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ৩৫২২ কেজি</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>"সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম</td><td>প্রশিক্ষণ:<br>০৪ ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চিংড়ি ক্লাষ্টার এর কার্যক্রম:<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান।</td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান</td><td>অব্যাহত আছে।</td><td></td></tr>
<tr><td>০৫.</td><td>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম</td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সেপ্টেম্বর/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৬১৬ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩,০২৩ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৫.৭১%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০১ জন সর্বমোটঃ ০১ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ১২ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৬৯ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪১৮১ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২১,১৬৮ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>২,০৭৬ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | গর্ভবতীর সংখ্যা: ১৭০৩ জন<br>এএনসি: ৩২২ জন<br>পিএনসি: ৫১ জন<br>ডেলিভারি: UH&FWC : ০৩ জন ও সিএসবিএ কর্তৃক: ০০ জন সর্বমোট: ০৩ জন।<br>জীবিত জন্ম: ০৩ জন<br>মাতৃমৃত্যু: ০ জন<br>শিশু মৃত্যু: ০ জন<br>শিশু স্বাস্থ্য সেবা<br>কেন্দ্র: ৩৯৪ জন<br>কেন্দ্রের বাহিরে: ৭৮ জন<br>সাধারণ রোগী: ১৯৯৭ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, ২০২৩-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় স্লিপ ফান্ড বাবদ ১ম কিস্তিতে ১টি বিদ্যালয়ে ৪২,৫০০/-, ৬টি বিদ্যালয়ে ৩৫০০০/- করে, ১৩৫ টি বিদ্যালয়ের ১টি বিদ্যালয়ে ২৫,০০০/- টাকা করে মোট ৩৮,৭৭,৫০০/- বরাদ্দ পাওয়া গিয়েছে। স্লিপ পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম চলমান।<br><br>২০২৩-২৪ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় প্রাক প্রাথমিক শিক্ষন শেখানো উপকরণ ক্রয়/তৈরি ১০,০০০/- টাকা করে ১৪০টি বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ পাওয়া গিয়েছে। ২টি বিদ্যালয়ে বরাদ্দ পাওয়া যায় নি (মহেশ্বরীপুর শাপলা ও চটকাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়)। বরাদ্দকৃত অর্থ বিদ্যালয়ের হিসাব নম্বরে প্রদান করা হয়েছে।<br><br>প্রাক-প্রাথমিক শিক্ষকগণের ১৫ দিন ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। জাতীয় শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ ২টি ব্যাচ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে, আরও ১৮টি ব্যাচ অনুষ্ঠিত হবে।<br><br>অত্র উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের সংখ্যা ২৭টি, তন্মধ্যে ১৬টি নির্মাণাধীন।<br>নির্মাণাধীন সীমানা প্রাচীরের সংখ্যা ২৯টি। কাজ সম্পন্ন হয়েছে ০৭টি।<br>ওয়াশব্লক ২৫টি, নির্মাণাধীন ১৪টি।<br>ল্যাপটপ প্রদানকৃত বিদ্যালয় ১৪২টি, ওয়াই-ফাই রাউটার প্রদানকৃত বিদ্যালয়-৯১টি। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলায় সকল ভাতা প্রদানের কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৯ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭১,৪৯৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৩১৪/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে জিসিএ প্রকল্পের উপকারভোগীদের মাঝে অর্থ বিতরণ কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা অক্টোবর/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৯০</td><td>১২০</td><td>৮৯১৮ জন</td><td>টেকার প্রকল্পের ৪০ জন যুব কম্পিউটার প্রশিক্ষণ নিচ্ছেন।</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>৫,১০,০০০/-</td><td>২,০১,২১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৫%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>০</td><td>১৫</td><td>৩৪৭০ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table>
তিনি আরও জানান টেকার প্রকল্পের ২ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণে ২০ জন যুব মহিলা ও ২০ জন যুবকের কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণ চলমান। একই সংগে রাজস্বের ০৭ দিনের একটি ব্যাচ ০১ নভেম্বর ২০২৩ জাতীয় যুব দিবসে উদ্বোধন করা হবে। ঋণ আদায় ও প্রশিক্ষণ স্বাভাবিকভাবে গতিতে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
</table>

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৩/- |
| ০৫. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৫/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর সেপ্টেম্বর/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের সেপ্টেম্বর/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,৯০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর সেপ্টেম্বর/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,৮৪৯/- |
| ০৯. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অভ্যন্তরে বৈদ্যুতিক লাইনের মেরামত কাজের ব্যয় বিল। | ২৪,৯৫০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১০/২০২৩

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩- ৭৩(৪৫) তারিখঃ ৩০-১০-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য..............................,কয়রা, খুলনা।

৩০.১০.২০২৩

বি. এম. তারিক-উজ-জামান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd